গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম পরিকল্পনার আওতায় ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় পরিচালনাধীন এমআরটি লাইন-৬ এর যাত্রী সেবা এবং অন্যান্য বিষয়ে গণশুনানির কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | : এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব |
| সভার তারিখ | : ২৬.১২.২০২৩ |
| সভার সময় | : বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | ডিএমটিসিএল ফার্মগেট সাইট অফিসের সম্মেলন কক্ষ, ঢাকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি গণশুনানীর কার্যক্রম শুরু করেন এবং সংশ্লিষ্ট সকলের প্রতি গণশুনানীতে অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় গণশুনানি আয়োজনের গুরুত্ব তুলে ধরেন। তিনি সকলকে তাঁদের মতামত, দৃষ্টিভঙ্গি/পরামর্শ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন, যাতে সেবা প্রদান পদ্ধতির ঘাটতি ও ভুলত্রুটিসমূহ দূর করে ডিএমটিসিএল প্রদত্ত যাত্রী সেবার মান আরও উন্নত করার সাথে সাথে সেবা প্রদানে জবাবদিহিতা নিশ্চিত করা যায়। অতঃপর সভাপতি ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএলকে এমআরটি লাইন-৬ প্রদত্ত কার্যক্রমসমূহ গণশুনানীতে অংশগ্রহণকারীদের অবহিত করার জন্য অনুরোধ জানান।

০২. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল তাঁর বক্তব্যের শুরুতে সংশ্লিষ্ট সকলের প্রতি গণশুনানীতে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি একটি উপস্থাপনা দিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। উপস্থাপনায় MRT Line-6 এর সংক্ষিপ্ত বিবরণী, ৩০ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত MRT Line-6 এর প্যাকেজ ভিত্তিক অগ্রগতি, MRT Line-6 পর্যায় ভিত্তিক চালুর তথ্যাবলী, উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত মেট্রোরেল চলাচলের সময়সূচি, মতিঝিল থেকে আগারগাঁও পর্যন্ত ট্রেনের সময়সূচি, ভবিষ্যত পরিকল্পনা, ঢাকা মহানগরীর জনজীবনে মেট্রোরেলের প্রভাব, চলমান চ্যালেঞ্জসমূহ, মেট্রোরেল এর রুট অ্যালাইনমেন্ট, লাইনভিত্তিক যাত্রী পরিবহন সক্ষমতা, লাইনভিত্তিক অগ্রগতি ইত্যাদি বিষয়াদি উপস্থিত সকলের সামনে সংক্ষিপ্ত আলোকপাত করা হয়। মেট্রোরেলের প্রভাবে যানজট হ্রাস, জীবাশ্ম জ্বালানী কম, বায়ু/শব্দ/কম্পন হ্রাস, দ্রুতগামী, কর্মঘন্টা সাশ্রয়, জীবন যাত্রার মান বৃদ্ধি সম্পর্কে বিবরণ প্রদান করেন। ডিএমটিসিএল এলাকায় অবৈধ স্থাপনা অপসারণ করার জন্য সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

০৩. সভাপতি তাঁর বক্তব্যে জানান যে, এমআরটি লাইন-৬ প্রদত্ত নাগরিক, প্রতিষ্ঠানিক ও অন্যান্য সেবাসমূহ সম্পর্কে কারো কোন মতামত বা পরামর্শ থাকলে তা সভায় উপস্থাপন করার আহ্বান জানান এবং সেবার মানোন্নয়নে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের জন্য গণশুনানীতে অংশগ্রহণকারী সকলকে অনুরোধ জানান।

০৪. ড. এস, এম, সালেহ উদ্দিন, পরিবহন বিশেষজ্ঞ গণশুনানীতে উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ সভায় STP বাস্তবায়ন বিষয় উপস্থাপিত হলে মাননীয় প্রধানমন্ত্রী MRT এবং BRT বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন। তৎপ্রেক্ষিতে MRT এবং BRT বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হয়। মেট্রোরেল পরিচালনার কারণে ঢাকা মহানগরীতে বসবাসরত সর্বস্তরের জনসাধারণের চলাচলের সময়, ব্যয়, দূষণ, দুর্ঘটনা ইত্যাদি উল্লেখযোগ্য হারে হ্রাস পাচ্ছে তথাপি

সকল মেট্রো লাইন এবং মহানগরীর ট্রাফিক ব্যবস্থার সাথে সুষ্ঠু সমন্বয়ের মাধ্যমে এমআরটি পরিচালনার উপর বিশেষ গুরুত্বারোপ করা প্রয়োজন বলে মন্তব্য করেন।

০৫. জনাব আনজীর লিটন, মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বাস্তবায়নের অনুরোধ জানান। (ক) শিশু একাডেমীর মেইন গেইট থেকে ৩০ ফুট দৈর্ঘ্যের বাউন্ডারি দেয়াল ভাঙ্গা হয়েছে যা পুনঃনির্মাণ করা, (খ) শিশু একাডেমীর Logo লাগানোর ব্যবস্থা করা, (গ) মেট্রোরেল নির্মাণের কারণে শিশু একাডেমী চত্বরে ক্ষতিগ্রস্ত ভাস্কর্য যেমন দোয়েল পাখি ইত্যাদির পূনঃস্থাপন করা (ঘ) শিশু একাডেমী সংলগ্ন মেট্রোরেলের পিলারসমূহকে শিশূ বান্ধব চিত্রকর্ম দ্বারা সুসজ্জিতকরণ, (ঙ) ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশন থেকে নামার পর বাংলাদেশ শিশু একাডেমীর দিকে দিক নির্দেশক চিহ্ন স্থাপন করা। এ বিষয়ে সভাপতি বলেন, উদ্ভূত সকল বিষয়াদি সমাধান করা হবে। তবে পৃথিবীর বিভিন্ন দেশের মেট্রোরেলের ন্যায় ঢাকা মেট্রোরেলের আয় বর্ধনের উদ্দেশ্যে মেট্রোরেলের স্টেশন, অ্যালাইনমেন্ট, পিলার ইত্যাদি স্থানে উপযুক্ত রূপে বিজ্ঞাপন প্রদানের নীতিমালা প্রস্তুত করা হচ্ছে। প্রতি স্টেশনের নিচে প্রয়োজনীয় সংখ্যক দিক নির্দেশক স্থাপনের ব্যবস্থা রয়েছে এবং ভবিষ্যতে আরও ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) তেজগাঁও, ঢাকা মেট্রোপলিটন পুলিশ বলেন- ফার্মগেইট এবং সোনারগাঁও ক্রসিং এ মেট্রোরেলের পিলার ট্রাফিক চলাচলের সমস্যা সৃষ্টি করছে। এছাড়া, সরকারী ছুটির দিনে চন্দ্রিমা উদ্যান ও সামরিক জাদুঘর এলাকায় যাত্রীদের পারাপারে সমস্যা হচ্ছে। এ ধরেনের সমস্যা দূরীকরণে প্রয়োজন মেট্রোরেল কর্তৃপক্ষের সাথে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সুষ্ঠু সমন্বয়। এক্ষেত্রে, বিভিন্ন কমিটিতে মেট্রোপলিটন পুলিশের উপযুক্ত প্রতিনিধিদের কো-অপট করা অত্যন্ত জরুরি।

০৭. জনাব মোঃ তারিকুল হক, প্রধান প্রকৌশলী (উন্নয়ন), ডিপিডিসি বলেন যে, মেট্রোরেলের সিস্টেম আরো দক্ষ করা প্রয়োজন। মেট্রোরেলে ভ্রমণকারী যাত্রীরা আমাদের কথা শুনছে। ব্যবহারকারীদের শিক্ষা বান্ধব মেট্রোরেল গড়ে তুলতে হবে।

০৮. ডাঃ তারেক রেজা আলী, সহকারী অধ্যাপক বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় বলেন, পদ্মা সেতু উদ্বোধনের পর রোগীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। ঢাকাতে মেট্রোরেল চালুর পর হতে বিশ্ববিদ্যালয়ের রোগী ও দর্শনার্থীর সংখ্যা অনেক বেড়েছে। ভবিষ্যতে শাহবাগ স্টেশন চালু হলে রোগী ও দর্শনার্থীর সংখ্যা ব্যাপক হারে বৃদ্ধি পাবে। তাই বিশেষ চাহিদা সম্পন্ন রোগীদের জন্য পর্যাপ্ত সংখ্যক হুইল চেয়ার, ভিজুয়্যাল এইড, দিক নির্দেশক ইত্যাদির সমন্বয়ে রোগীবান্ধব স্টেশন তৈরি করা জরুরি। এ বিষয়ে সভাপতি বলেন এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় অত্যন্ত রোগী বান্ধব। এক্ষেত্রে, মেট্রোরেলের পক্ষ থেকে যথাসম্ভব করণীয় সকল ব্যবস্থায় নেয়া হচ্ছে। এ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক বলেন Person With Special Needs (যেমন, অসুস্থ, দৃষ্টিপ্রতিবন্ধী, বাকপ্রতিবন্ধী) ব্যক্তিদের প্রতিটি বিষয় মাথায় রেখে মেট্রো স্টেশনসমূহ রোগীবান্ধব রুপে তৈরি করা হচ্ছে।

০৮. জনাব মোঃ নজরুল ইসলাম, অধ্যক্ষ, তেজগাঁও সরকারী মহিলা কলেজ বলেন, মেট্রোরেলের যাত্রীদের বড় একটি অংশ হলো বিভিন্ন স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীবৃন্দ। এদের জন্য ডিসকাউন্ট রেটে ভাড়া নির্ধারণ করা যায় কিনা বিষয়টি কর্তৃপক্ষের বিবেচনা করা দরকার।

১০. প্রফেসর জিল্লুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষাদানের পরিবেশ সমুন্নত রাখতে চলাচলরত মেট্রোরেলের শব্দ নিয়ন্ত্রণ করা অত্যন্ত জরুরি। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রায় চল্লিশ হাজার ছাত্রছাত্রী এবং উল্লেখযোগ্য সংখ্যক বহিরাগতদের আগমনে ছাত্রশিক্ষক কেন্দ্রসহ তদসংলগ্ন এলাকাসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ন্ত্রণ করতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে প্রতিনিয়ত হিমসিম খেতে হচ্ছে। মেট্রোরেল চালুর পর বিষয়টি আরও ঘনীভূত হয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে মেট্রোরেলের পক্ষ থেকে উপযুক্ত সহযোগিতা করা দরকার। এ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক বলেন, আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে বিষয়গুলি নিয়ে আলোচনা করে সমাধানের চেষ্টা করব।

১১. জনাব শাহিদ, ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশন জানান নববর্ষে ফানুস উড়ানোর ফলে মেট্রোরেল চলাচলে বিঘ্ন ঘটে।

মেট্রোরেল লাইনের ১ কিলোমিটারের মধ্যে ফানুস উড়ানো নিষিদ্ধ করা প্রয়োজন। এ বিষয়ে সভাপতি বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে আলোচনা করে ব্যবস্থা নেয়া হবে।

১২. জনাব পারভেজ চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (ভূমি), ঢাকা বলেন, ঢাকা মেট্রোরেল কর্তৃক বিভিন্ন লাইনের ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে Feasibility Study সম্পর্কে অতি অল্প সময়ে সম্মুখ ধারণা অর্জন করা যায় না। তাছাড়া, পুনর্বাসন (রিসেটেলমেন্ট) সম্পর্কিত পরিষ্কার তথ্যাবলী ভূমির মালিকরা না জানার কারণে প্রতিনিয়ত নানা ধরনের আপত্তি নিয়ে মালিকরা জেলা প্রশাসকের কার্যালয়ে আসছেন। বিষয়গুলো আমলে নেয়ার উপযুক্ত কোন Tools আমাদের হাতে নাই। ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসনের তথ্যাবলীর ব্যাপক প্রচারণা দরকার। এছাড়া, বিভিন্ন দাগের আংশিক অধিগ্রহণের পর অবশিষ্ট ভূমিসমূহ মেট্রোরেল কর্তৃক আইনানুগ অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণ করলে ভূমি মালিকগণ হয়রানি মুক্ত ও উপকৃত হতে পারেন।

১৩. জনাব শীতাংশু শেখর বিশ্বাস, পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ বলেন, একক যাত্রার টিকেট ক্রয়ের জন্য প্রতিটি স্টেশনে যাত্রীদের প্রচন্ড ভীড় লক্ষ্য করা যাচ্ছে। এক্ষেত্রে নারী যাত্রীরা সমস্যার সম্মুখীন হচ্ছেন বেশী। এটি মোকাবেলায় অনলাইন টিকেট ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

১৪. গণশুনানীর আনুষ্ঠানিক সমাপ্তির পূর্বে ডিএমটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক তাঁর বক্তব্যে বলেন, সকলের বক্তব্য নোট করা হয়েছে। আপনাদের উত্থাপিত মতামতের উপর ভিত্তি করে কয়েকটি বিষয় তুলে ধরছি :

(১) CIRDAP আন্তর্জাতিক সম্মেলনের পর শিশু একাডেমীর দেয়াল তৈরী করে দেয়া হবে।

(২) কমিটিগুলোতে ঢাকা মেট্রোপলিটন পুলিশের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কো-অপট করে নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি ডিটিসিএ এর বোর্ড অব ডিরেক্টরস এ তুলে ধরার জন্য ইতোমধ্যে অনুরোধ করা হয়েছে।

(৩) আগামী ২০২৫ সনে এমআরটি লাইন-৬ এর প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনের ক্যাম্পাসের পাশে এন্ট্রি-এক্সিট নির্মাণের বিষয়টি সমাধান করতে হবে। ট্রেন চলাচলে অতিরিক্ত শব্দ নিয়ন্ত্রণে শব্দের decibel limit test করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এলক্ষ্যে Metrorail Operation team কাজ করবে।

(৪) ডিসেম্বর ২০২৪ হতে সপ্তাহে ৭ (সাত) দিন মেট্রোরেল চলবে।

(৫) মেট্রোরেল স্থাপনার সকল স্থানে নাইটভিশন সিসি ক্যামেরা বসানো হবে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

( ৬) Online এ Top-Up এর ব্যবস্থা রয়েছে। তবে একক যাত্রার ক্ষেত্রে যাত্রীদেরকে বাধ্যতামূলকভাবে নির্দিষ্ট সময়ের জন্য ওয়ান টাইম টিকেট ক্রয় করতে হয়। র্যাপিড পাস/এমআরটি পাস গ্রহণ করলে যাত্রীদের লাইনে দাঁড়িয়ে টিকেট ক্রয় করার প্রয়োজন নেই এবং এজন্য ১০% ডিসকাউন্টের ব্যবস্থা রয়েছে।


(৭) মেট্রোরেল সম্পর্কিত যাবতীয় তথ্যাবলী ডিএমটিসিএল এর ওয়েব সাইটে ৩ (তিন) মাস পর পর আপডেট করা হচ্ছে। তাছাড়া, সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন, ফেইসবুক, মেসেঞ্জারে প্রাপ্ত অভিযোগ, জিজ্ঞাসা কিংবা মতামতকে অত্যন্ত গুরুত্বের সাথে নেয়া হচ্ছে এবং দ্রুত সমস্যার সমাধান করা হচ্ছে।

ব্যবস্থাপনা পরিচালক সকলকে গণশুনানীতে উপস্থিত হয়ে মতামত প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানিয়ে তাঁর বক্তব্য সমাপ্ত করেন।

১৫. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ গণশুনানীতে উল্লেখ করেন যে, বিশ্বব্যাপী এমআরটি একটি অত্যন্ত আধুনিক ও ব্যয়বহুল গণপরিবহন ব্যবস্থা। এ ধরনের অত্যাধুনিক বৈদ্যুতিক রেল ব্যবস্থা চালু রাখা ব্যয় সাপেক্ষ। তাই যাত্রী ভাড়ার পাশাপাশি ভাড়া বহির্ভূত আয়ের ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত জরুরি। ভারতসহ পৃথিবীর সকল মেট্রোরেল তাদের আওতাধীন স্থাপনায় (স্টেশন প্লাজা, ট্রেন, কনকোর্স এরিয়া, পিলার) বিজ্ঞাপন প্রচার কিংবা ভাড়া প্রদানের মাধ্যমে উল্লেখযোগ্য হারে আয় করে থাকে। ঢাকা মেট্রোরেলও একইভাবে এ বিষয়ে নীতিমালা তৈরি করছে। এক্ষেত্রে বিজ্ঞাপনের

বিষয়টি ডিজাইন করে সকলের মতামত গ্রহণ করা হবে এবং পরবর্তীতে বাস্তবায়ন করা হবে।

১৬. পরিশেষে, উপস্থিত সকলকে আবারো আন্তরিক ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয় এবং বাংলাদেশের সক্ষমতার প্রমাণক পদ্মাসেতুর মত ঢাকা মেট্রোরেল। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা এবং মাননীয় প্রধানমন্ত্রীর উন্নত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উন্নয়নের এধারা অব্যাহত থাকবে।



: এ বি এম আমিন উল্লাহ নুরী
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১৩.২৩.০১

তারিখ: ১৭ পৌষ ১৪৩০
০১ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
২) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা
৩) উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা
৪) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)
৬) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ।
৭) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর।
৮) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ।
৯) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন।
১০) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড।
১১) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি)।
১২) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
১৩) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৪) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
১৫) মহাপরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
১৬) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
১৭) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি
১৮) মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর,ঢাকা
১৯) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর
২০) মহাপরিচালক , বাংলা একাডেমি
২১) চেয়ারম্যান, বারডেম জেনারেল হাসপাতাল, শাহবাগ, ঢাকা
২২) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা-১০০০
২৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট# ২৩-২৬, রোড# ৪৬, লেভেল-০৮, ডিএনসিসি গুলশান-২, ঢাকা-১২১২

২৪) প্রকল্প পরিচালক, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা

২৫) পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা

২৬) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, ৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা-১২১৫

২৭) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

২৮) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ৩৭/ই, টেলিযোগাযোগ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা

২৯) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা

৩০) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, খামারবাড়ি, ঢাকা

৩১) সভাপতি, জাতীয় প্রেসক্লাব, তোপখানা রোড, ঢাকা

৩২) পরিচালক, এ্যাক্সিডেন্ট রিসার্স ইন্সটিটিউট (এআরআই), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা

৩৩) পরিচালক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, শাপলা চত্বর, ঢাকা

৩৪) পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা

৩৫) চেয়ারম্যান, ইস্পাহানি ইসলামিয়া চক্ষু ইন্সটিটিউট ও হাসপাতাল, ফার্মগেইট, ঢাকা

৩৬) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ), বিএমএ ভবন, ১৫ তোপখানা রোড, ঢাকা-১০০০

৩৭) সভাপতি, বিসিএস কম্পিউটার সিটি, আগাঁরগাও, ঢাকা

৩৮) অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা-১২১৭

৩৯) উপমহাপুলিশ পরিদর্শক (অপারেশন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৪০) উপমহাপুলিশ পরিদর্শক, এমআরটি পুলিশ ফোর্স, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৪১) অধ্যক্ষ, তেজগাঁও কলেজ, ১৬, ইন্দিরা রোড, ফার্মগেট, ঢাকা-১২১৫

৪২) অধ্যক্ষ, সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও, ঢাকা

৪৩) অধ্যক্ষ, হলি ক্রস গার্লস স্কুল এন্ড কলেজ, তেজগাঁও, ঢাকা-১২১৫

৪৪) অধ্যক্ষ, তেজগাঁও মহিলা কলেজ, ৭৬ পূর্ব তেজতুরী বাজার, ফার্মগেট, ঢাকা

৪৫) অধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব একাডেমি (স্কুল এন্ড কলেজ), শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

৪৬) অধ্যক্ষ, ইব্রাহিম মেডিকেল কলেজ, ১২২ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০

৪৭) অধ্যক্ষ, নটর ডেম কলেজ, ঢাকা, টয়েনবি সার্কুলার রোড, ঢাকা-১০০০

৪৮) অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ মতিঝিল, মতিঝিল, ঢাকা-১০০০

৪৯) অধ্যক্ষ, কমলাপুর শের-ই-বাংলা রেলওয়ে স্কুল এন্ড কলেজ, কমলাপুর, ঢাকা-১২১৭

৫০) ড. এম এম সালেহ উদ্দিন, গণপরিবহন বিশেষজ্ঞ , ঢাকা।

৫১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

৫২) একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫৩) একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫৪) পুলিশ সুপার, ঢাকা

৫৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

৫৬) প্রধান শিক্ষক, তেজগাঁও গভ: হাই স্কুল, ৪২, ইস্ট তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫

৫৭) প্রধান শিক্ষক, তেজগাঁও গভ: গার্লস হাই স্কুল, ৮০, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ফর্মগেট, ঢাকা-১২১৫

৫৮) প্রধান শিক্ষক, মতিঝিল গভ: বয়েজ হাই স্কুল, মতিঝিল, ঢাকা-১০০০

৫৯) প্রধান শিক্ষক, আগারগাঁও আদর্শ হাই স্কুল, ডি-২০, তালতলা, আগারগাঁও, ঢাকা-১২০৭

৬০) প্রধান শিক্ষক, শের-ই-বাংলা নগর গভ: গার্লস হাই স্কুল, শের-ই-বাংলা নগর ঢাকা-১১০০

৬১) প্রধান শিক্ষক, রাজধানি হাই স্কুল, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

৬২) প্রধান শিক্ষক, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা ইউনির্ভাসিটি, ৩ ফুলার রোড, ঢাকা-১০০০

৬৩) প্রধান শিক্ষক, মতিঝিল কলোনি হাই স্কুল, আউটার সার্কুলার রোড, ঢাকা-১০০০

৬৪) জনাব খোরসেদা সালাম সুইটি, পিতা: খোরশেদ আলম, ১৮, দক্ষিণ কমলাপুর, ডাকঘর: শান্তিনগর-১২১৭, মতিঝিল, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা

৬৫) জনাব মোঃ রবিউল্লা, পিতা: মোঃ সুরুজ্জামান, বাসা/হোল্ডিং: ৬/১, দক্ষিণ কমলাপুর ডাকঘর: শান্তিনগর- ১২১৭, মতিঝিল, ঢাকা দক্ষিণ দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা

৬৬) ব্যক্তিগত কর্মকর্তা, বাজেট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)



মুহাম্মদ কামরুল হাসান
উপসচিব